গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (এইচইডি)
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
১০৫-১০৬, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০

স্মারক নং-এইচইডি/প্রশাঃ/সিঃ চার্টার/০৭/৩০৮ তারিখঃ ০৫/০২/২০১৯

**বিষয়ঃ মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক অনুমোদিত ফরম্যাট অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) হালনাগাদকরণ প্রসংগে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (এইচইডি) এর হালনাগাদ সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক সিটিজেন্স চার্টার-১ সেট-০৫(পাঁচ) পাতা।

-স্বাক্ষরিত-
ব্রিগেডিয়ার জেনারেল এম এ মোহী, পিএসসি
প্রধান প্রকৌশলী
স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (এইচইডি)।

বিতরণঃ
কার্যক্রমঃ সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

দৃষ্টি আকর্ষণঃ উপ সচিব, প্রশাসন-১ অধিশাখা
স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

অনুলিপিঃ অতিরিক্ত সচিব (উন্নয়ন) এবং লাইন ডাইরেক্টর, ফিজিক্যাল ফ্যাসিলিটিজ ডেভেলপমেন্ট
স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

ওয়েব সাইটে প্রদর্শনের জন্য

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
১০৫-১০৬, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
www.hed.gov.bd

# সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen’s Charter)

## ১. ভিশন ও মিশন

**ভিশন:** মানসম্মত স্বাস্থ্য অবকাঠামো উন্নত স্বাস্থ্য সেবার সহায়ক।

**মিশন:** যথাসময়ে স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অবকাঠামো নির্মাণ, উন্নীতকরণ এবং বিদ্যমান অবকাঠামো সম্প্রসারণসহ মানসম্মত মেরামত ও রক্ষণাবেক্ষণের মাধ্যমে স্থাপনাসমূহকে উন্নত স্বাস্থ্য সেবা প্রদানের উপযোগী রাখা।

## ২. প্রতিশ্রুতি সেবাসমূহ

### ২.১) নাগরিক সেবা

| ক্রমিক নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবি, ফোন নম্বর ও ইমেইল) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১. | ঠিকাপ্রতিষ্ঠান তালিকাভূক্তিকরণ | নির্ধারিত ফরম সংগ্রহ ও যথাযথভাবে তা পূরণ পূর্বক দাখিলের পর এতদসংক্রান্ত কমিটি কর্তৃক সুপারিশের প্রেক্ষিতে ঠিকাপ্রতিষ্ঠান তালিকাভূক্তকরণ | (১) নির্ধারিত ফরমে আবেদনপত্র<br>(২) পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি-৪ কপি<br>(৩) জাতীয় পরিচয়পত্রের অনুলিপি<br>(৪) জন্ম সনদের অনুলিপি<br>(৫) ট্রেড লাইসেন্স এর অনুলিপি<br>(৬) আয়কর সনদের অনুলিপি<br>(৭) ভ্যাট সনদের অনুলিপি<br>(৮) আর্থিক স্বচ্ছলতার স্বপক্ষে ব্যাংক সনদ/ষ্টেটমেন্ট<br>(৯) নির্ধারিত ফরম ক্রয় /গ্রহণের জন্য দেয় ১০০০/- টাকার ট্রেজারী চালানের মূল কপি (বাংলাদেশ ব্যাংক অথবা সোনালী ব্যাংকের যে কোন শাখায় নম্বর **১-২৭১৭-০০০০-২৩৬৬** কোডে ট্রেজারী চালানের মাধ্যমে জমা)<br>(১০) ফরমে চাহিত অন্যান্য তথ্যাদি।<br>প্রাপ্তিস্থানঃ স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা। | (১) আবেদন ফরম ক্রয় বাবদ ১০০০/- (এক হাজার) টাকা (বাংলাদেশ ব্যাংক অথবা সোনালী ব্যাংকের যে কোন শাখায় নম্বর **১-২৭১৭-০০০০-২৩৬৬** কোডে ট্রেজারী চালানের মাধ্যমে জমা)।<br>(২) তালিকাভূক্তির জন্য বিবেচিত প্রতিষ্ঠানকে ৫০০০/- পাঁচ হাজার টাকা (বাংলাদেশ ব্যাংক অথবা সোনালী ব্যাংকের যে কোন শাখায় নম্বর **১-২৭১৭-০০০০-২৬৮১** কোডে ট্রেজারী চালানের মাধ্যমে জমা)। | জুলাই হতে ডিসেম্বর মাস পর্যন্ত ফরম সংগ্রহ ও জমা প্রদান। ফরম জমা প্রদানের নির্ধারিত সময়সীমার পর ৩০(ত্রিশ) কর্ম দিবসের মধ্যে। | মোঃ নজরুল ইসলাম<br>অতিরিক্ত প্রধান প্রকৌশলী (চঃ দাঃ), এইচইডি, প্রধান কার্যালয়, ঢাকা।<br>ফোনঃ ০২-৯৫৮৭৬০৩<br>ইমেইলঃ addlce@hed.gov.bd |

| ক্রমিক নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবি, ফোন নম্বর ও ইমেইল) |
|---|---|---|---|---|---|---|
| **(১)** | **(২)** | **(৩)** | **(৪)** | **(৫)** | **(৬)** | **(৭)** |
| ২. | ঠিকাপ্রতিষ্ঠানের তালিকাভূক্তি নবায়ন | তালিকাভূক্তি নবায়নের জন্য স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (এইচইডি) এর যে কোন নির্বাহী প্রকৌশলীর কার্যালয়ে এসে ঠিকাপ্রতিষ্ঠানের লেটার হেড প্যাডে আবেদন ও চাহিত অন্যান্য কাগজপত্রাদির কপি দাখিলের পর তালিকাভূক্তি নবায়ন | (১) ঠিকাপ্রতিষ্ঠানের লেটার হেড প্যাডে আবেদনপত্র<br>(২) তালিকাভূক্তি সম্পর্কিত ব্লু বুক এর অনুলিপি<br>(৩) জাতীয় পরিচয়পত্রের অনুলিপি<br>(৪) হালনাগাদ ট্রেড লাইসেন্স এর অনুলিপি<br>(৫) হালনাগাদ আয়কর সনদের অনুলিপি<br>(৬) হালনাগাদ ভ্যাট সনদের অনুলিপি<br>(৭) নবায়নের জন্য দেয় ২০০০/- টাকা ট্রেজারী চালানের মূল কপি (বাংলাদেশ ব্যাংক অথবা সোনালী ব্যাংকের যে কোন শাখায় নম্বর **১-২৭১৭-০০০০-২৬৮১** কোডে ট্রেজারী চালানের মাধ্যমে জমা) এবং ভ্যাট বাবদ ৩০০/- টাকার ট্রেজারী চালানের মূল কপি (বাংলাদেশ ব্যাংক অথবা সোনালী ব্যাংকের যে কোন শাখায় নম্বর **১-১১৩৩-০০০৫-০৩১১** কোডে ট্রেজারী চালানের মাধ্যমে জমা)।<br><br>প্রাপ্তিস্থানঃ নির্বাহী প্রকৌশলীর কার্যালয় (সকল বিভাগ), স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর। | নবায়নের জন্য দেয় ২০০০/- টাকা (বাংলাদেশ ব্যাংক অথবা সোনালী ব্যাংকের যে কোন শাখায় নম্বর **১-২৭১৭-০০০০-২৬৮১** কোডে ট্রেজারী চালানের মাধ্যমে জমা) এবং ভ্যাট বাবদ ৩০০/- টাকা (বাংলাদেশ ব্যাংক অথবা সোনালী ব্যাংকের যে কোন শাখায় নম্বর **১-১১৩৩-০০০৫-০৩১১** কোডে ট্রেজারী চালানের মাধ্যমে জমা)। | জুলাই হতে অক্টোবর মাস পর্যন্ত। আবেদনের ০৩(তিন) কর্ম দিবসের মধ্যে। | নির্বাহী প্রকৌশলী (সকল বিভাগ), স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর। |

## ২.২) দাপ্তরিক সেবা

| ক্রমিক নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবি, ফোন নম্বর ও ইমেইল) |
|---|---|---|---|---|---|---|
| **(১)** | **(২)** | **(৩)** | **(৪)** | **(৫)** | **(৬)** | **(৭)** |
| ১. | নিয়োগ ও পদোন্নতি (৩য় ও ৪র্থ শ্রেণী) | নিয়োগবিধি অনুযায়ী যোগ্যতা ও অভিজ্ঞতা উল্লেখপূর্বক নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ, অবেদন গ্রহণ, যাচাই-বাছাই, পরীক্ষা ইত্যাদি বিভাগীয় নির্বাচন কমিটি কর্তৃক সম্পাদন ও সুপারিশের ভিত্তিতে কর্তৃপক্ষের অনুমোদনক্রমে নিয়োগপত্র জারী।<br><br>বিভাগীয় নির্বাচন কমিটির সুপারিশ ও কর্তৃপক্ষের অনুমোদনের পর পদোন্নতির আদেশ জারী। | সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ<br>(১) নিয়োগ বিজ্ঞপ্তি অনুযায়ী আবেদন ও চাহিত কাগজপত্রাদি প্রেরণ।<br>পদোন্নতির ক্ষেত্রেঃ<br>(১) পদোন্নতির জন্য আবেদন<br>(২) হালনাগাদ বার্ষিক গোপনীয় প্রতিবেদন/সার্ভিস বহি।<br><br>প্রাপ্তিস্থানঃ বহুল প্রচলিত দৈনিক পত্রিকায় প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি (সরাসরি নিয়োগের ক্ষেত্রে)। | সরাসরি নিয়োগের ক্ষেত্রে নিয়োগ বিজ্ঞপ্তি অনুযায়ী নির্ধারিত ফি ট্রেজারী চালানের মাধ্যমে জমা পূর্বক আবেদন। | - | এ,কে,এম আমিনুল ইসলাম<br>পরিচালক<br>স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।<br>ফোনঃ ০২-৯৫৮৭৬৪৮<br>ই মেইল: dir@hed.gov.bd |

| ক্রমিক নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবি, ফোন নম্বর ও ইমেইল) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ২. | কার্য ও ভৌত সেবা, পণ্য ও সংশ্লিষ্ট সেবা এবং সেবা ক্রয় | (১) ৩০.০০ কোটি টাকার উর্দ্ধের মূল্য কার্য ও ভৌত সেবা ক্রয়, ২০.০০ কোটি টাকা উর্দ্ধের মূল্য পণ্য ও সংশ্লিষ্ট সেবা ক্রয় এবং ৭.০০ কোটি টাকা উর্দ্ধের মূল্য সেবা ক্রয় সম্পাদনের লক্ষ্যে দরপত্র/প্রস্তাব আহবান, দরপত্র/প্রস্তাব গ্রহণ, দরপত্র মূল্যায়ন কমিটি (টিইসি) কর্তৃক সুপারিশ ও মন্ত্রণালয় কর্তৃক অনুমোদনের প্রেক্ষিতে চুক্তি সম্পাদন ও ক্রয় কাজ বাসত্মবায়ন।<br>(২) ৩০.০০ কোটি টাকা পর্যন্ত কার্য ও ভৌত সেবা ক্রয়, ২০.০০ কোটি টাকা পর্যন্ত পণ্য ও সংশ্লিষ্ট সেবা ক্রয় এবং ৭.০০ কোটি টাকা পর্যমত্ম সেবা ক্রয় সম্পাদনের লক্ষ্যে দরপত্র/প্রস্তাব আহবান, দরপত্র/ প্রস্তাব গ্রহণ, টিইসি কর্তৃক সুপারিশের প্রেক্ষিতে হেড অব প্রকিউরিং এনটিটি (হোপ) কর্তৃক অনুমোদনের প্রেক্ষিতে চুক্তি সম্পাদন ও কাজ বাস্তবায়ন। | দরপত্র বিজ্ঞপ্তি অনুযায়ী দরপত্র দলিল ক্রয় ও দাখিলকরণ।<br>প্রাপ্তি স্থানঃ বহুল প্রচলিত জাতীয় দৈনিক পত্রিকা, সিপিটিইউ এর ওয়েব সাইট ও স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের ওয়েব সাইট এ প্রকাশিত দরপত্র বিজ্ঞপ্তি অনুযায়ী দরপত্র দলিল সংগ্রহ। | দরপত্র বিজ্ঞপ্তি অনুযায়ী দরপত্র দলিল ক্রয়ের নির্ধারিত মূল্য ট্রেজারী চালানের মাধ্যমে জমা। | - | মোঃ নজরুল ইসলাম<br>অতিরিক্ত প্রধান প্রকৌশলী (চঃ দাঃ), এইচইডি, প্রধান কার্যালয়, ঢাকা।<br>ফোনঃ ০২-৯৫৮৭৬০৩<br>ইমেইলঃ addlce@hed.gov.bd |

## ২.৩) অভ্যন্তরীণ সেবা

| ক্রমিক নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবি, ফোন নম্বর ও ইমেইল) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১. | অর্জিত ছুটি/ শ্রান্তি বিনোদন ছুটি মঞ্জুর | আবেদন পাওয়ার পর নির্ধারিত ছুটি বিধিমালা, ১৯৫৯ অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের (আর্থিক ও প্রশাসনিক ক্ষমতা অনুযায়ী) অনুমোদনক্রমে আদেশ জারী | (১) আবেদন পত্র<br>(২) নির্ধারিত ফরম (বাংলাদেশ ফরম নং-২৩৯৫)<br>(৩) ১ম ও ২য় শ্রেণী কর্মকর্তাদের ক্ষেত্রে প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা কর্তৃক এবং ৩য় ও ৪র্থ শ্রেণী কর্মচারীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী কর্মকর্তা কর্তৃক প্রদত্ত ছুটি প্রাপ্যতার প্রত্যয়নপত্র।<br>প্রাপ্তিস্থানঃ স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা। | বিনামূল্যে | ১ম ও ২য় শ্রেণী কর্মকর্তাদের ক্ষেত্রে ৭ কর্মদিবসের মধ্যে প্রশাসনিক মন্ত্রণালয়ে সুপারিশ এবং ৩য় ও ৪র্থ শ্রেণী কর্মচারীদের ক্ষেত্রে ৫ কর্মদিবস। | মোঃ নজরুল ইসলাম<br>অতিরিক্ত প্রধান প্রকৌশলী (চঃ দাঃ), এইচইডি, প্রধান কার্যালয়, ঢাকা।<br>ফোনঃ ০২-৯৫৮৭৬০৩<br>ইমেইলঃ addlce@hed.gov.bd |
| ২. | বহিঃ বাংলাদেশ (অর্জিত) ছুটি মঞ্জুর | আবেদন পাওয়ার পর নির্ধারিত ছুটি বিধিমালা, ১৯৫৯ অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের (আর্থিক ও প্রশাসনিক ক্ষমতা অনুযায়ী) অনুমোদনক্রমে আদেশ জারী | (১) আবেদন পত্র<br>(২) নির্ধারিত ফরম (বাংলাদেশ ফরম নং-২৩৯৫)<br>(৩) ১ম ও ২য় শ্রেণী কর্মকর্তাদের ক্ষেত্রে প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা কর্তৃক এবং ৩য় ও ৪র্থ শ্রেণী কর্মচারীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী কর্মকর্তা কর্তৃক প্রদত্ত ছুটি প্রাপ্যতার প্রত্যয়নপত্র।<br>(৪) অঙ্গীকারনামা।<br>প্রাপ্তিস্থানঃ স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা। | বিনামূল্যে | ১ম ও ২য় শ্রেণী কর্মকর্তাদের অর্জিত ছুটি মঞ্জুরের ক্ষেত্রে ৭ কর্মদিবসের মধ্যে প্রশাসনিক মন্ত্রণালয়ে সুপারিশ এবং ৩য় ও ৪র্থ শ্রেণী কর্মচারীদের ক্ষেত্রে ৫ কর্মদিবস। | মোঃ নজরুল ইসলাম<br>অতিরিক্ত প্রধান প্রকৌশলী (চঃ দাঃ), এইচইডি, প্রধান কার্যালয়, ঢাকা।<br>ফোনঃ ০২-৯৫৮৭৬০৩<br>ইমেইলঃ addlce@hed.gov.bd |
| ৩. | বার্ষিক বেতন বৃদ্ধি /সিলেকশন গ্রেড/ টাইম স্কেল প্রদান | আবেদন পাওয়ার পর বিভাগীয় নির্বাচন কমিটির সভায় উপস্থাপন করা হয়। কমিটির সুপারিশের ভিত্তিতে কর্তৃপক্ষের অনুমোদনক্রমে আদেশ জারী | (১) আবেদন পত্র<br>(২) হালনাগাদ বার্ষিক গোপনীয় প্রতিবেদন/ সার্ভিস বহি | বিনামূল্যে | ১ম ও ২য় শ্রেণী কর্মকর্তাদের ক্ষেত্রে ৭ কর্মদিবসের মধ্যে প্রশাসনিক মন্ত্রণালয়ে সুপারিশ এবং ৩য় ও ৪র্থ শ্রেণী কর্মচারীদের বার্ষিক বেতন বৃদ্ধির ক্ষেত্রে ৭ কর্মদিবস ও সিলেকশন গ্রেড/টাইম স্কেল প্রদানের ক্ষেত্রে ৩০ কর্মদিবস। | এ,কে,এম আমিনুল ইসলাম<br>পরিচালক<br>স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।<br>ফোনঃ ০২-৯৫৮৭৬৪৮<br>ই মেইল: dir@hed.gov.bd |
| ৪. | পিআরএল/পেনশন মঞ্জুর | আবেদন পাওয়ার পর যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে আদেশ জারী | (১) আবেদন পত্র<br>(২) প্রত্যাশিত শেষ বেতনের সনদপত্র<br>(৩) ছুটি প্রাপ্যতার প্রত্যয়নপত্র<br>(৪) মুচলেকা বন্ড<br>(৫) চাকুরীর বিবরণী /সার্ভিস বহি<br>(৬) শৃংখলা প্রতিবেদন<br>(৭) চাকুরীর নিয়োগপত্র<br>(৮) জন্মসনদ /এসএসসির সনদপত্র<br>(৯) না দাবী প্রত্যয়ন পত্র<br>(১০) অডিট ছাড়পত্র (প্রযোজ্য ক্ষেত্রে)<br>(১১) চাকুরীতে প্রথম যোগদানপত্র<br>প্রাপ্তিস্থানঃ স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা। | বিনামূল্যে | ১ম ও ২য় শ্রেণী কর্মকর্তাদের ক্ষেত্রে ৩০ কর্মদিবসের মধ্যে প্রশাসনিক মন্ত্রণালয়ে সুপারিশ এবং ৩য় ও ৪র্থ শ্রেণী কর্মচারীদের ক্ষেত্রে ১৫ কর্মদিবস। | এ,কে,এম আমিনুল ইসলাম<br>পরিচালক<br>স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।<br>ফোনঃ ০২-৯৫৮৭৬৪৮<br>ই মেইল: dir@hed.gov.bd |

## ২.৪) আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থা কর্তৃক প্রদত্ত সেবা

আওতাধীন অধিদপ্তর /দপ্তর/ সংস্থাসমূহের সিটিজেনস্ চার্টার লিংক আকারে যুক্ত করতে হবে।

## ৩) আপনার কাছে আমাদের প্রত্যাশা

| ক্রমিক নং | প্রতিশ্রুত/কাঙ্খিত সেবা প্রাপ্তির লক্ষ্যে করণীয় |
|---|---|
| ১. | নির্ধারিত ফরমে সম্পূর্ণভাবে পূরণকৃত স্বয়ংসম্পূর্ণ আবেদন জমা প্রদান |
| ২. | সঠিক মাধ্যমে প্রয়োজনীয় ফি পরিশোধ করা |
| ৩. | সাক্ষাতের জন্য নির্ধারিত সময়ের পূর্বেই উপস্থিত থাকা |

## ৪) অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা (GRS)

| ক্রমিক নং | কখন যোগাযোগ করবেন | কার সংগে যোগাযোগ করবেন | যোগাযোগের ঠিকানা | নিস্পত্তির সময়সীমা |
|---|---|---|---|---|
| ১. | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সমাধান দিতে অপারগ হলে | অভিযোগ নিস্পত্তি কর্মকর্তা (অনিক) | নাম ও পদবীঃ এ, কে, এম আমিনুল ইসলাম<br>পরিচালক, এইচইডি, প্রধান কার্যালয়, ঢাকা।<br>ফোনঃ ০২-৯৫৮৭৬৪৮<br>ই মেইল: dir@hed.gov.bd | ০২(দুই) মাস |
| ২. | অভিযোগ নিস্পত্তি কর্মকর্তা নির্দিষ্ট সময়ে সমাধান দিতে অপারগ হলে | আপীল কর্মকর্তা | নাম ও পদবীঃ ব্রিগেডিয়ার জেনারেল এম এ মোহী, পিএসসি<br>প্রধান প্রকৌশলী, এইচইডি, প্রধান কার্যালয়, ঢাকা।<br>ফোনঃ ০২-৯৫৭৭৯১৭<br>ই মেইলঃ ce@hed.gov.bd | ০১(এক) মাস |
| ৩. | আপিল কর্মকর্তা নির্দিষ্ট সময়ে সমাধান দিতে না পারলে | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | নাম ও পদবীঃ মোঃ আসাদুল ইসলাম<br>সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ<br>স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।<br>ফোনঃ ০২-৯৫৭৭১৯৯<br>ই মেইলঃ secretaryhsd@mohfw.gov.bd | ০৩(তিন) মাস |